

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

---

---

মঙ্গলবার, জুলাই ৭, ২০১৫

---

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ, ২১ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/০৫ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

নং ২৫.০৩২.১৪.০০.০০.০২৮.২০১৫-১৬৩—রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর আওতাধীন ১৬২৪ বর্গকিলোমিটার (৬২৭ বর্গমাইল) এলাকার জন্য বিদ্যমান Structure Plan/Master Plan এর মেয়াদ (২০১৫ পর্যন্ত) পূর্তির পূর্বেই পরবর্তী ২০ বছর মেয়াদী স্ট্রাকচার প্ল্যান/মাষ্টার প্ল্যান প্রণয়ন করা প্রয়োজন ও সমীচীন। Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর Act বলিয়া উল্লিখিত, এর section 73 এর sub-section (2) এর শর্তাদি পূরণ করিয়া রাজউক উক্ত এলাকার মাষ্টার প্ল্যান প্রণয়ন সম্পন্ন করেছে ;

Town Improvement Act, 1953 এর section 73 এর sub-section (3)-তে প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত নতুন মাষ্টার প্ল্যান তথা খসড়া ঢাকা স্ট্রাকচার প্ল্যান (২০১৬-২০৩৫) এতদ্বারা প্রকাশ করা হলো, যা বিদ্যমান Master Plan বাতিলক্রমে কার্যকর হবে ;

---

( ৫৫৭৯ )

মূল্য : টাকা ৪.০০

খসড়া Master Plan বা এর কোনো অংশবিশেষের উপর কোনো ক্ষতিগ্রস্ত অথবা অন্য কোনো ব্যক্তির আপত্তি থাকলে তাকে অত্র প্রজ্ঞাপন জারির পর হতে ৬০ (ষাট) দিনের মধ্যে টাউন প্ল্যানার, পরিকল্পনা প্রণয়ন শাখা, রাজউক এনেক্স ভবন (৬ষ্ঠ তলা), ঢাকা-১০০০ বরাবর তাঁর আপত্তি বা পর্যবেক্ষণ বা সুপারিশ দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোছাদ্দেক

সিনিয়র সহকারী প্রধান।

**বিশেষ দৃষ্টব্য :**

খসড়া ঢাকা স্ট্রাকচার প্ল্যান/মাস্টার প্ল্যান এর একাধিক কপি পরিকল্পনা প্রণয়ন শাখা, রাজউক এনেক্স ভবনে (৬ষ্ঠ তলা) জনসাধারণের পরিদর্শনের জন্য সংরক্ষিত আছে।